গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়
চট্টগ্রাম।
www.dpe.chittagong.gov.bd

স্মারক নং- ৩৮.০১.১৫০০.০০০.২০২৬.৩০৮৩ তারিখ: ১২ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ / ২৭ সেপ্টেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

নিয়োগপত্র

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরাধীন রাজস্বখাতভুক্ত সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা, ২০২৫ এর ফলাফলের ভিত্তিতে কেন্দ্রীয় প্রাথমিক বিদ্যালয় শিক্ষক নিয়োগ কমিটি কর্তৃক সুপারিশকৃত এবং প্রাথমিকভাবে নির্বাচিত নিম্নোক্ত প্রার্থীগণকে জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী বেতনস্কেল: টাকা ১১০০০-২৬৫৯০ (গ্রেড-১৩) বেতনক্রমে চট্টগ্রাম জেলার বাঁশখালী উপজেলার সরকারি প্রাথমিক বিদ্যালয়ে রাজস্বখাতভূক্ত সহকারী শিক্ষকের শূন্যপদে ২ নং অনুচ্ছেদের শর্ত অনুযায়ী অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো।

ক্রমিক নম্বর	রোল নম্বর	উপজেলা/থানা ভিত্তিক মেধাক্রম	নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম	স্থায়ী ঠিকানা	বর্তমান ঠিকানা
১	৪৫৩৭৬৪৪	৭	জনাব মুহাম্মদ রবিউল হোসেন পিতাঃ মুহাম্মদ ছাদুর রশীদ মাতাঃ নাছেরা বেগম	গ্রামঃ পুর্ব ডোংরা, শাহাজান চৌধুরী রোড,ডাকঃ রায়ছটা, ৪৩৯৩ উপজেলাঃবাঁশখালী, চট্টগ্রাম।	গ্রামঃ পুর্ব ডোংরা, শাহাজান চৌধুরী রোড,ডাকঃ রায়ছটা, ৪৩৯৩ উপজেলাঃবাঁশখালী, চট্টগ্রাম।
২	৪৫২৩৫২৯	৩০	জনাব রিপন সুশীল পিতাঃ রাখাল চন্দ্র সুশীল মাতাঃ কৃষ্ণা সেন	গ্রাম+ডাকঃ কাথরিয়া, উপজেলাঃ বাঁশখালী, চট্টগ্রাম।	গ্রাম+ডাকঃ কাথরিয়া, উপজেলাঃ বাঁশখালী, চট্টগ্রাম।
৩	৪৫৪১৭৫৭	৩২	জনাব সাদিয়া মনির নিসা পিতাঃ মোহাম্মদ ইউসুফ মাতাঃ রয়ন জান্নাত	গ্রামঃ দক্ষিণ বরুমছড়া,ডাকঃ মোনায়েমশাহ,উপজেলাঃ বাঁশখালী,চট্টগ্রম।	গ্রামঃ দক্ষিণ বরুমছড়া,ডাকঃ মোনায়েমশাহ,উপজেলাঃ বাঁশখালী,চট্টগ্রম।
৪	৪৫১৬৩৪৯	৩৫	জনাব সাজ্জাদ হোসেন পিতাঃ মোহাম্মদ জাহেদ মাতাঃ রাশেদা জাহেদ	গ্রামঃ জলদী (নেয়াজরপাড়া), ডাকঃ জলদী-৪৩৯০, উপজেলাঃ বাঁশখালী, চট্টগ্রাম।	গ্রামঃ জলদী (নেয়াজরপাড়া), ডাকঃ জলদী-৪৩৯০, উপজেলাঃ বাঁশখালী, চট্টগ্রাম।

২। (ক) যোগদানের তারিখ থেকে ২(দুই) বৎসর পর্যন্ত চাকুরিকাল শিক্ষানবিশকাল হিসেবে গণ্য হবে।
(খ) শিক্ষানবিশকালে কর্মদক্ষতা, আচরণ ও সন্তোষজনক চাকুরির রেকর্ড সাপেক্ষে বিধি মোতাবেক চাকরি স্থায়ীকরণের বিষয় বিবেচনা করা হবে এবং শিক্ষানবিশকালে যে কোন ধরণের অসদাচরণের জন্য কোন কারণ দর্শানো ব্যতিরেকেই চাকরি হতে অপসারণ করা যাবে।
(গ) শিক্ষানবিশকালে কোন ধরণের বদলির আবেদন করা যাবে না।
(ঘ) শিশুকে শারীরিক ও মানসিক নির্যাতন করা যাবে না, করলে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।
(ঙ) নিয়োগপ্রাপ্ত শিক্ষক কর্তৃক যে কোন সময়ে সরবরাহকৃত যে কোন তথ্য ও সনদপত্র মিথ্যা/ভূয়া/ত্রুটিপূর্ণ প্রমাণিত হলে এ নিয়োগ আদেশ বাতিল করা হবে এবং প্রচলিত আইনের বিধান অনুযায়ী তাঁর/তাঁদের বিরুদ্ধে ফৌজদারি মামলা দায়ের করা হবে।
(চ) নিয়োগপ্রাপ্ত শিক্ষকগণকে যোগদানের পর সরকার নির্ধারিত ০২ (দুই) মাসের প্রশিক্ষণে অংশগ্রহণ করতে হবে।
(ছ) অন্যূন ০৪ (চার) বৎসরের মধ্যে নির্ধারিত মৌলিক প্রশিক্ষণ (বিটিপিটি) গ্রহণ করতে হবে। উক্ত প্রশিক্ষণ গ্রহণে ব্যর্থ হলে কিংবা অনুত্তীর্ণ হলে তার চাকরি স্থায়ী করা হবে না এবং চাকরি বিধি অনুসারে তাঁর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে।
(জ) চাকরিতে যোগদানকালে তাঁকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজে বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না।
(ঝ) এ নিয়োগ আদেশে সুনিদিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে।

৩। নিয়োগপ্রাপ্ত শিক্ষকগণকে জেলা প্রাথমিক শিক্ষা অফিসে সশরীরে উপস্থিত হয়ে নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান করতে হবে।

৪। অনুচ্ছেদ ১, ২ ও ৩ এ উল্লিখিত শর্তাবলী তাঁর নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ০১ অক্টোবর ২০২৬ তারিখ বৃহস্পতিবার অফিস চলাকালীন জেলা প্রাথমিক শিক্ষা অফিসে যোগদান করবেন। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

৫। নিয়োগকৃত শিক্ষকগণ বেতন-ভাতাদি 'প্রাতিষ্ঠানিক কোড নং ১২৪০২০৯০০০০০০ সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহ'-এর বেতন ভাতাদি খাত হতে প্রাপ্য হবেন।

৬। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তির স্মারক নং ৩৮,০১,০০০০,১৪৩,১১,০১০,২৫-২০৭, তারিখ: ০৫.১১.২০২৫ খ্রি:/ স্মারক নং ৩৮,০১,০০০০,১৪৩,১১,০২৪.২৫-২১৫, তারিখ: ১২.১১.২০২৫ খ্রি:(ঢাকা ও চট্টগ্রাম) অনুসারে এ নিয়োগ প্রদান করা হলো।

২৭.৯.২০২৬

ফিরোজ আহাম্মদ
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
চট্টগ্রাম।
ফোন : ০২৪১৩৬০৩০২
ই-মেইল : dpeochitt@gmail.com

স্মারক নং- ৩৮.০১.১৫০০.০০০.২০২৪.৩০৮৩/১৩

তারিখ: ১২ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
২৭ সেপ্টেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো: (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২. জেলা প্রশাসক, চট্টগ্রাম।
৩. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, চট্টগ্রাম।
৪. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, চট্টগ্রাম।
৫. চীফ একাউন্টস ও ফিন্যান্স অফিসার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ৩য় ফেজ (৫ম তলা),সেগুনবাগিচা, ঢাকা।
৬. উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার , বাঁশখালী, চট্টগ্রাম।
৭. উপজেলা হিসাব রক্ষণ অফিসার, বাঁশখালী, চট্টগ্রাম।
৮. জনাব...প্রযত্নে......................................

গ্রাম/মহল্লা.....................ডাকঘর/পোস্ট..................কোড..............উপজেলা. বাঁশখালী, চট্টগ্রাম।

৯. সংরক্ষণ নথি।

২৭.৯.২০২৬

ফিরোজ আহাম্মদ
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
চট্টগ্রাম।